সমকাল

তারিখ 08 JUL 2015
পৃষ্ঠা ৭ কলাম ৬

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স পরীক্ষার রুটিন প্রকাশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়েছে। সূচি অনুযায়ী ২০১২ সালের মাস্টার্স পরীক্ষা ২৪ আগস্ট এবং ২০১৩ সালের প্রথম পর্বের পরীক্ষা ২২ আগস্ট শুরু হবে। গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়। এতে বলা হয়, ২০১২ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/ এম মিউজ শেষ পর্ব (আইসিটিসহ) পরীক্ষা ২৪ আগস্ট শুরু হয়ে ২৫ অক্টোবর পর্যন্ত চলবে। পরীক্ষার সময়সূচি সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd Ges www.nubd.info থেকে জানা যাবে বলে ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।